আলোচনায় সহায়ক হইয়াছে। জীবন মৈত্রের পদ্মাপুরাণের স…
শ্রীযুক্ত শম্ভুচন্দ্র চৌধুরী মহাশয় তাঁহার সম্পাদিত গ্রন্থখানি কলিকাত… হইতে প্রকাশিত হইবার পূর্বেই, ইহার মুদ্রিত ফাইলগুলি আমা… সুযোগ দিয়া সাহায্য করিয়াছেন। বঙ্গীয়-লোক-সংস্কৃতি-পরিষদে… নাটোরের মহারাজ-কুমার বন্ধুবর শ্রীযুক্ত ইন্দ্রজিৎ রায় মহাশয় একখ… সন্ধান আমাকে বলিয়া দিয়া পরম উপকার করিয়াছেন—এতদ্ব্যতীত নাে… তাঁহাদের নিজস্ব পুঁথি-সংগ্রহটিও তিনি সর্বদা আমার জন্য উন্মুক্ত রা… কলিকাতা বঙ্গবাসী কলেজের অধ্যাপক আমার সহপাঠী বন্ধু শ্রীযুক্ত … নিয়োগী মহাশয় যদি পুস্তকখানির মুদ্রণ-কার্য সম্পর্কিত সমস্ত দায়িত্বের ভা… না লইতেন, তাহা হইলে ইহা প্রকাশিত হইতে যে আরও কত বিলম্ব হইত… বলিতে পারি না।

পুস্তকখানি যাহাতে সাহিত্যের ইতিহাসের নামে গ্রন্থ-তালিকা ও সঙ্কলন মা… না হয়, এই বিষয়ে এই সংস্করণে অধিকতর লক্ষ্য রাখিয়াছি। এই হিসাবে ইহাতে বাংলা প্রাচীন সাহিত্যের ইতিহাস আলোচনার সনাতন পথ বহুলাংশে পরিত্যক্ত হইয়াছে। যাহা পুরোহিতের বিধি ও গায়েনের পুঁথির মধ্যেই সীমাবদ্ধ ছিল, তাহা উচ্চতর সাহিত্যের বিচার দ্বারা এখানে পরীক্ষা করিয়াছি;—অপৌরাণিক দেবতার অলৌকিক মাহাত্ম্য মাত্র বলিয়া যাহা বিংশ শতাব্দীর শিক্ষিত সমাজ কর্তৃক উপেক্ষিত হইয়াছে, তাহার ভিতর পার্থিব মানবের চিরন্তন সুখদুঃখ-বেদনার সন্ধান করিয়াছি,—ইহাতে কতদূর সফল হইয়াছি তাহা সুধী পাঠকবৃন্দ বিবেচনা করিবেন।

এই গ্রন্থ রচনার শ্রম আমার ব্যর্থ হয় নাই। [illegible] সংস্করণ প্রকাশিত… হইবার সঙ্গে সঙ্গে কবিগুরু রবীন্দ্রনাথ স্বতঃপ্রবৃত্ত হইয়া যে ভাষায় এই … পরিচয় গ্রন্থকারকে অভিনন্দন জানাইয়াছিলেন, তাহাই ইহার সর্বশ্রেষ্ঠ পুরস্কার বলিয়া মনে করি। কলিকাতা ও ঢাকা বিশ্ববিদ্যালয় পুস্তকখানিকে … এম. এ. পরীক্ষার ও শান্তিনিকেতন বিশ্বভারতী লোকশিক্ষা-সংসদের অন্য পরীক্ষার পাঠ্যরূপে অনুমোদিত করিয়া ইহার গৌরব বৃদ্ধি করিয়াছেন।

কলিকাতা
মহাষ্টমী, ১৩৫৭ সাল

শ্রীআশুতোষ ভট্টাচার্য

আলোচনা

অন্তর্গত উ

নিজের ম

# প্রথম সংস্করণের নিবেদন

নাই। ...বিদ্যালয়ে বাংলায় এম. এ. ও অনার্স শ্রেণীতে প্রাচীন বাংলা সাহিত্যের অনুসন্ধিৎসু অধ্যাপনা করিতে যে সমস্ত উপকরণ একত্র সংগ্রহ করিয়াছিলাম, বর্তমান গ্রন্থ তাহারই কতকাংশের উপর ভিত্তি করিয়া এই পুস্তকখানি রচিত হইয়াছে।

...যাহাতে ইহা কেবল নীরস পাঠ্যবস্তুর তথ্যালোচনায় পর্যবসিত না হয় ...দিকেও লক্ষ্য রাখিয়াছি। ইহা স্বীকার্য যে, মধ্যযুগের বঙ্গ সাহিত্যের মধ্যে

সমস্ত

... বৈষ্ণব সাহিত্য সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা হইলেও সেই যুগের এই একটি

বিষ

...বিরাট কাব্য সাহিত্য সম্বন্ধে দুই একটি বিক্ষিপ্ত আলোচনা ব্যতীত সমগ্রভাবে ঐতিহাসিক আলোচনা আজ পর্যন্তও হয় নাই। এই পুস্তকখানির কলেবর দেখিয়াই মধ্যযুগে এই উপেক্ষিত বিশিষ্ট একটি সাহিত্য বস্তুর গুরুত্ব সম্বন্ধে কতক আভাস পাওয়া যাইবে। বর্তমান সময়ে এই পুস্তকখানির প্রয়োজনীয়তা ও মূল্য সম্বন্ধে এই পুস্তকের 'পরিচায়িকা'য় যাহা উক্ত হইয়াছে, তদতিরিক্ত আমার বক্তব্য আর কিছু নাই; ইহা রচনা করিয়া আমি যদি প্রাচীন বাংলা সাহিত্যের একটি অতি প্রয়োজনীয় অথচ এ যাবৎ উপেক্ষিত বিষয়-বস্তুর উপর সামান্যও আলোকপাত করিতে পারিয়া থাকি, তাহা হইলেই শ্রম সার্থক মনে করিব।

এই পুস্তকখানি রচনা করিতে গিয়া যে কতকগুলি গুরুতর সমস্যার সম্মুখীন হইয়াছি, তাহাদের সংক্ষিপ্ত উল্লেখ করা প্রয়োজনীয় বলিয়া মনে করি। গ্রন্থভাগে উল্লেখ করিয়াছি, মঙ্গল-সাহিত্য প্রথমতঃ সাম্প্রদায়িক প্রেরণা হইতে জাত, সেইজন্য ইহাদের উদ্ভব ও বিকাশ আলোচনা করিতে ইহাদের সহিত সম্পৃক্ত ধর্ম ও লোকাচারগুলি আলোচনা করিবার প্রয়োজন হইয়াছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, বাংলার লৌকিক ধর্মের কোন ধারাবাহিক প্রামাণ্য ইতিহাস আজ পর্যন্ত রচিত হয় নাই। বাংলার বিভিন্ন অঞ্চলে বিভিন্ন লৌকিক ধর্মাচার ও দেবতার অস্তিত্ব রহিয়াছে, ইহাদের সহিত পৌরাণিক হিন্দুধর্মের কোন সম্পর্ক নাই,—ইহারা প্রাক্-আর্য সমাজ-সম্ভূত। ইহাদের আলোচনা দ্বারা বাংলার সামাজিক ইতিহাসের একটি অতি মূল্যবান্ অধ্যায় সংযোজিত হইতে পারে। বাংলার নৃতত্ত্ব,

জাতিতত্ত্ব ও ভাষাতত্ত্বের আলোচনায়ও ইহার মূল্য অপরিসীম। কিন্তু একমাত্র সংক্ষিপ্ত জিলা 'গেজেটিয়র', আদম শুমারির বিবরণ ও স্থানে স্থানে সামান্য কয়েকটি বিক্ষিপ্ত আলোচনা ব্যতীত এই বিষয়ের একখানি সর্বাঙ্গসুন্দর ধারাবাহিক ইতিহাস আজ পর্যন্তও রচিত হয় নাই। দক্ষিণ ও উত্তর ভারতের অনেক অঞ্চলেই খৃস্টান ধর্মপ্রচারকদিগের অনুগ্রহে এই জাতীয় স্থানীয় লৌকিক ধর্মের বিবরণ কিছু কিছু সংগৃহীত হইয়াছে। কিন্তু বাংলা দেশের পক্ষে এই সৌভাগ্যও হয় নাই। বাসুলী, শীতলা, জড়াজড়ি, জরাই বিষহরী, গারসী, সুবচনী, বনদুর্গা, ঘেঁটু, ভাজু, ওলাবোলা, করমপুরুষ, ঘাগরবুড়ি, কালাষাড় প্রভৃতি অসংখ্য স্থানীয় দেবতা বাংলার নানাস্থানে আজিও পূজিত হইতেছে। পৌরাণিক হিন্দুধর্মের ব্যাপক প্রভাবকে অস্বীকার করিয়া ইহাদের অস্তিত্ব প্রাচীনতম কাল হইতে আজ পর্যন্ত নিরবচ্ছিন্নভাবেই রক্ষা পাইয়া আসিতেছে। ইহাদের ইতিহাস দূরের কথা, ইহাদের বিস্তৃত বিবরণ আজ পর্যন্ত সম্পূর্ণভাবে গৃহীত হয় নাই। ব্রাহ্মণ-বৈদ্য-কায়স্থ-বৈষ্ণব-নিষেবিত সমাজই বাংলার সমাজের সম্পূর্ণ পরিচয় বহন করিতে পারে না, বাংলার সামাজিক ইতিহাসের রচয়িতৃগণ এই একটি অতি মূল্যবান্ কথা এ পর্যন্ত বিস্মৃত হইয়াছেন। সেইজন্য উচ্চতর বর্ণের সমাজের বাহিরে তাঁহারা আর দৃষ্টিপাত করিবার অবসর পান নাই। এই উপেক্ষা হইতেই বাংলার সমাজের একটা অতি মৌলিক দিক্ উপেক্ষিত হইয়া রহিয়াছে। এই গ্রন্থে যথাসাধ্য বাংলার সেই প্রাচীনতম লৌকিক ধর্মগুলি সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করিবার প্রয়াস পাইয়াছি। কারণ, মধ্যযুগের সাহিত্যকে মধ্যযুগের এই লৌকিক ধর্ম হইতে সম্পূর্ণ মুক্ত করা যায় না। সেইজন্য মধ্যযুগের সাহিত্যের আলোচনায় তৎকালীন সমাজের ধর্ম সম্বন্ধে আলোচনাও অপরিহার্য হইয়া উঠে। এই বিষয়ে আমাদের বাঙ্গলার ঐতিহাসিক ও নৃতত্ত্ব-জাতিতত্ত্ববিদ্ পণ্ডিতগণ যদি অগ্রসর হইয়া সহায়তা করেন, তাহা হইলেই এই যুগের সাহিত্যের ইতিহাসও তাহার উপর প্রতিষ্ঠিত করিয়া সম্পূর্ণরূপে গঠন করা যায়।

প্রাচীন বঙ্গ-সাহিত্যের আলোচনার আর একটি প্রধান অসুবিধা এই যে, এই সম্বন্ধে অধিকাংশ পুস্তকই আজ পর্যন্ত অমুদ্রিত। এমন কি যাহা মুদ্রিত হইয়া প্রকাশিতও হইয়াছে, তাহাও উপযুক্ত সম্পাদনার অভাবে অনেক ক্ষেত্রেই নির্ভরযোগ্য বলিয়া গ্রহণ করা যায় না। এমন কি, অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, মধ্যযুগের সর্বশ্রেষ্ঠ কবি কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীর চণ্ডীমঙ্গলের একখানি

নির্ভরযোগ্য সংস্করণ আজিও প্রকাশিত হয় নাই। অথচ সম্ভ্রান্ত প্রতিষ্ঠান হইতেও এই পুস্তক প্রকাশিত হইয়াছে। মুদ্রিত পুস্তকে চিত্রসংযোগ করিয়া, কিংবা বাঁধাই ও কাগজের উৎকর্ষদ্বারা প্রাচীন কোন গ্রন্থের মূল্য বৃদ্ধি করা যাইতে পারে না। প্রাচীন গ্রন্থের সম্পাদনায় যে অধ্যবসায় ও পরিশ্রমের প্রয়োজন, তাহা কেহ স্বীকার করিতে সম্মত না হইয়া আপাতরমণীয় রূপে গ্রন্থ প্রকাশ করিয়া সাধারণের মনোরঞ্জন করিবার চেষ্টা করিয়া থাকেন। ইহা দ্বারা সাধারণের মধ্যে গ্রন্থ প্রচারের সহায়তা হইলেও, এই শ্রেণীর মুদ্রিত গ্রন্থের উপর নির্ভর করিয়া কোন মৌলিক আলোচনায় প্রবৃত্ত হওয়া যায় না। অতএব এই গ্রন্থরচনায় আমি তথাকথিত মুদ্রিত গ্রন্থ হইতে বিশেষ কিছুই সাহায্য লাভ করিতে পারি নাই। অমুদ্রিত পুঁথির উপরই অধিক নির্ভর করিতে হইয়াছে, কিন্তু সর্বত্রই নিজস্ব যথাসম্ভব সতর্ক বিচার-বুদ্ধি লইয়া অগ্রসর হইয়াছি।

অনেক স্থলেই কবিদিগের বংশধরগণ অদ্যাপি বর্তমান আছেন, কিন্তু তাঁহারাও কবিদিগের সম্বন্ধে সাধারণ অপেক্ষা অধিক সংবাদ রাখেন না। মনসা-মঙ্গলের প্রসিদ্ধ কবি বিজয়গুপ্তের বংশধরগণ আজিও বরিশাল জিলার গৈলা গ্রামে বসবাস করিতেছেন। বিজয়গুপ্তের বংশধর বলিয়া পরিচিত প্যারিমোহন দাস মহাশয় বিজয়গুপ্তের পদ্মাপুরাণ বলিয়া যে পুস্তক মুদ্রিত করিয়া নানা চিত্রে সুশোভিত করিয়া প্রকাশ করিয়াছেন, তাহার এক-তৃতীয়াংশ পদই স্বতন্ত্র কবির ভণিতাযুক্ত, অধিকাংশ পদে কোন কবিরই ভণিতা নাই। মধ্যে মধ্যে কয়েকটি পদে বিজয়গুপ্তের ভণিতা পাওয়া যায়। বিজয়গুপ্তের অমুদ্রিত পুঁথিগুলিরও একই অবস্থা। বংশধরদিগের গৃহে রক্ষিত কবির গ্রন্থখানি এত বিকৃত হইবার কি কারণ থাকিতে পারে, বুঝিতে পারা যায় না। পদ্মাপুরাণের অন্যতম প্রধান কবি নারায়ণদেবেরও বংশধরগণ অদ্যাপি বর্তমান আছেন। অথচ আশ্চর্যের বিষয়, তাঁহাদের গৃহেও সন্ধান করিয়া দেখিয়াছি, তাঁহাদের কাছে নারায়ণদেবের যে পুঁথি রক্ষিত আছে, তাহার মধ্যেও অনেক স্বতন্ত্র কবির ভণিতা দেখিতে পাওয়া যায়। বিভিন্ন কবির ভণিতাযুক্ত এই প্রকারেরই একটি পুঁথি নির্বিচারে মুদ্রিত করিয়া দিয়া নারায়ণদেবের পদ্মাপুরাণ বলিয়া প্রচার করিবার চেষ্টা হইয়াছে। এই সম্পর্কে উল্লেখ করিতে পারি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন ছাত্র বন্ধুবর শ্রীযুক্ত পরিমলকুমার বিশ্বাস এম. এ. মহাশয় কবির জন্মভূমির অনতিদূরে এক স্থানে নারায়ণদেবের পদ্মাপুরাণের একখানি সম্পূর্ণ পুঁথির সাক্ষাৎকার লাভ করিয়াছেন বলিয়া

জানাইয়াছেন। তাহার প্রতিলিপিও তিনি সংগ্রহ করিয়াছেন। কিন্তু আমাদের দেশে এমন কোন স্বার্থত্যাগী প্রতিষ্ঠান নাই, যাহা হইতে এই অকিঞ্চিৎকর পুস্তকখানি মুদ্রিত হইয়া প্রকাশিত হইতে পারে। ময়মনসিংহের প্রবীণ উকিল আজন্ম সাহিত্যানুরাগী শ্রীযুক্ত যতীন্দ্রকুমার মজুমদার বি. এল. মহাশয়ও নারায়ণদেবের একখানি সম্পূর্ণ পুস্তক উদ্ধার করিয়াছেন বলিয়া আমাদিগকে সংবাদ দিয়াছিলেন, কিন্তু একই কারণে তাহাও মুদ্রিত হইয়া প্রকাশিত হইতে পারিতেছে না।

এই সমস্ত অসুবিধা সত্ত্বেও এই পুস্তকখানি রচনা করিবার পক্ষে আমার বিশেষ কতকগুলি সুবিধা লাভ করিবার সৌভাগ্য হইয়াছিল। প্রথমতঃ পদ্মাপুরাণ বা মনসা-মঙ্গলের ব্যাপক প্রচার-ক্ষেত্র পূর্ব-ময়মনসিংহের গীতি-ভূমিতে আমার জন্ম। আশৈশব নারায়ণ-দ্বিজবংশীর পদ্মাপুরাণ গান শুনিয়া আসিতেছি। স্থানীয় সামাজিক জীবনের উপর যে ইহাদের প্রভাব কত ব্যাপক তাহা শুধু পুস্তক পাঠের অভিজ্ঞতা ব্যতীতও ব্যক্তিগত অভিজ্ঞতা হইতেও অনুভব করিয়াছি। সেইজন্য এই সমস্ত বিস্মৃতপ্রায় কবিদিগের পরিচয় সংগ্রহ ও সাহিত্যের বিচারে তাহাদের কাব্যের মূল্য নিরূপণ করিবার একটা স্বাভাবিক প্রবৃত্তি অনেক দিন হইতেই মনের মধ্যে জাগিয়াছে। অতঃপর কর্মব্যপদেশে ধর্মমঙ্গলকাব্যের উদ্ভব-ভূমি রাঢ়দেশের কেন্দ্রস্থলে চারি বৎসর কাল বাস করিবার সুযোগ লাভ করি। ইতিপূর্বে ধর্ম-সাহিত্য ও পশ্চিম রাঢ়ের ধর্ম-পূজা সম্বন্ধে পুঁথিপত্রে যে জ্ঞান লাভ করিয়াছিলাম, ব্যক্তিগত ভাবে তাহাই প্রত্যক্ষ অভিজ্ঞতায় সার্থক করিবার সুযোগ পাই। ইহা হইতেই বাংলার বিভিন্ন অঞ্চলে প্রচলিত এই মঙ্গলকাব্যগুলির বিস্তৃত বিবরণ রচনা করিবার ইচ্ছা দৃঢ়তর হয়। এই পুস্তকে আমার এই প্রকার ব্যক্তিগত অভিজ্ঞতার ফলই বর্ণনা করিতে পারিয়াছি বলিয়া ইহা এই বিষয়ের নির্ভরযোগ্য প্রামাণ্য তথ্য বলিয়া দাবী করিতে পারি।

ধর্মমঙ্গল সম্বন্ধে আমার বিশেষ ভাবে আলোচনা করিবার অধিকার ইহার সম্বন্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতা লাভ করিবার পূর্বেই কতক অর্জন করিয়াছিলাম। বিশ্ববিদ্যালয়ে বি. এ. অনার্স শ্রেণীতে পাঠ করিবার কালীন এই বিষয়ে কয়েকজন বিশেষজ্ঞ ও পণ্ডিত ব্যক্তির পাদমূলে বসিয়া অধ্যয়ন করিবার সৌভাগ্য লাভ করিয়াছিলাম। 'ধর্মপূজা-বিধানে'র সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায় কাব্যতীর্থ, 'শ্রীধর্ম-পুরাণে'র সম্পাদক শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম. এ. এবং 'চণ্ডীমঙ্গল-

বোধিনী'-প্রণেতা ও 'শূন্য-পুরাণে'র সম্পাদক স্বর্গীয় চারু বন্দ্যোপাধ্যায় এম. এ. মহোদয়গণ আমার অধ্যাপক। তাঁহাদের সাহচর্যে আসিয়া এই বিষয়ে যে জ্ঞান লাভ করিবার সৌভাগ্য হইয়াছে, তাহা এই সম্পর্কে কখনও উপেক্ষণীয় নহে। আমার এই পুস্তক প্রকাশ করিবার মূলে তাঁহাদের প্রেরণা গভীর কৃতজ্ঞতার সহিত সর্বান্তঃকরণে স্বীকার করিতেছি।

এই গ্রন্থ রচনায় যাঁহারা আমাকে বহু মূল্যবান্ উপকরণ ও উপদেশাদি দ্বারা সর্বদা উৎসাহিত করিয়াছেন, তাঁহাদের সকলের নামোল্লেখ করিয়া কৃতজ্ঞতা প্রকাশ করা এক প্রকার অসম্ভব। অনেকের কাছেই আমার ঋণ এত গভীর যে, তাঁহাদের শুধু নামোল্লেখের লৌকিকতায় ধৃষ্টতারই মাত্রা বৃদ্ধি পায়।

নারায়ণদেবের বংশধর বন্ধুবর শ্রীযুক্ত সুবোধচন্দ্র বিশ্বাস মহাশয় তাঁহার গৃহে রক্ষিত পদ্মাপুরাণের পুঁথিখানি দেখিবার সুযোগ দিয়াছিলেন। তিনি আমার অনুরোধে তাঁহাদের বংশলতার অনুলিপি আমাকে পাঠাইয়া দেন। তাহাই গ্রন্থভাগে প্রকাশিত হইয়াছে। পূর্ব-ময়মনসিংহের প্রসিদ্ধ পল্লীগীতি-সংগ্রাহক বন্ধুবর শ্রীযুক্ত চন্দ্রকুমার দে মহাশয়ের নিকট হইতে কঙ্কের বিদ্যাসুন্দর বা 'পীরের পাঁচালী' ও দ্বিজবংশী সম্বন্ধে অনেক কথা জানিতে পারিয়াছি। কলিকাতা বঙ্গীয় সাহিত্য পরিষদের সম্পাদক শ্রীযুক্ত মন্মথ মোহন বসু মহাশয় সাহিত্য পরিষদের গ্রন্থাগার হইতে আমাকে কয়েকখানি দুষ্প্রাপ্য পুঁথি আলোচনার সুযোগ দিয়া পরম উপকার করিয়াছেন। ঢাকা মিউজিয়মের অধ্যক্ষ ডক্টর শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টশালী মহাশয় শুধু যে তাঁহার বহুমূল্য পুস্তকাগার সর্বদা আমার জন্য উন্মুক্ত রাখিয়াছিলেন তাহা নহে, তিনি তাঁহার এই বিষয়ে ব্যক্তিগত বহু অভিজ্ঞতালব্ধ জ্ঞান দ্বারা আমার বহু সংশয় দূর করিয়া দিয়াছেন। বাংলার মধ্যযুগের ঐতিহাসিক জ্ঞানের উপর তাঁহার তৎকালীন সাহিত্যের জ্ঞান সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত বলিয়া, এই গ্রন্থ রচনায় তাঁহার সান্নিধ্য লাভ আমার পক্ষে পরম সৌভাগ্যের বিষয় হইয়াছে। বিশেষতঃ এই পুস্তকের আলোচনায় অনেক স্থলেই বাংলার প্রাচীন ভাস্কর্যের সহায়তা গ্রহণ করিতে হইয়াছে, এই সম্বন্ধেও তাঁহার সহায়তা আমার পক্ষে অত্যন্ত মূল্যবান্ হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন পুঁথিশালার গ্রন্থাগারিক শ্রীযুক্ত সুবোধচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম. এ. মহোদয় আমাকে সর্বদা নানা পুঁথির সন্ধান বলিয়া দিয়া ও নিজে সন্ধান করিয়া আমার প্রয়োজনীয় অংশ পুঁথি হইতে উদ্ধার করিয়া দিয়া আমার অনেক শ্রম লাঘব করিয়াছেন। বিশেষতঃ হরিদত্ত সম্বন্ধে

# বিষয়-সূচী

## ভূমিকা


**উৎপত্তি, ক্রমবিকাশ ও বৈশিষ্ট্য** — ১-৯৮

মঙ্গলকাব্য কি ? ১-৩, পুরাণ ও মঙ্গলকাব্য ৪-১০, লৌকিক ধর্ম ও মঙ্গলকাব্য ১১-১৭, বৈষ্ণব ধর্ম ও মঙ্গলকাব্য ১৮-২১, অনুবাদ সাহিত্য ও মঙ্গলকাব্য ২২-২৪, ব্রতকথা ও মঙ্গলকাব্য ২৫-২৯, পাঁচালী ও মঙ্গলকাব্য ৩০-৩৪, বিজয়কাব্য ও মঙ্গলকাব্য ৩৫, লোক-কথা ও মঙ্গলকাব্য ৩৬-৪১, ইতিহাস ও মঙ্গলকাব্য ৪২-৪৫, সাহিত্যগুণ ৪৬-৪৯, কাব্যরূপ ও কাব্যভাষা ৫০-৫২, জাতীয় মূল্য ৫৩-৫৬, অলৌকিকতা ৫৭-৬১, সাধারণ বৈশিষ্ট্য ৬২-৭৯, শ্রেণীবিভাগ ৮০-৮২, মঙ্গল নামের উৎপত্তি ৮৩-৮৬, জাগরণ ৮৭-৮৯, প্রচার ৯০-৯৩, যুগবিভাগ ৯৪-৯৮


## প্রথম অধ্যায়


**লৌকিক শৈবধর্ম—শিবের গীত—শিবমঙ্গল কাব্য** — ৯৯-১৫৯

প্রাগ্‌বৈদিক দেবতা শিব ৯৯, বাংলার সমাজে পৌরাণিক শৈব ধর্ম ১০০, কৃষকের দেবতা ১০১, কোচ জাতির সমাজে শিব ১০২, গৃহস্থ শিব ১০৩, রাঢ় দেশের শিব বা ভৈরব ১০৪, নাথ ধর্ম ও সাহিত্যে শিব ১০৫, ধর্মসাহিত্যে শিব ১০৭, শিবের গাজন ১০৯, পাঁচু ঠাকুর ১১১, শিবের গীত ১১৩, শিবের ছড়া ১১৪, শিবের চাষ ১১৫, শিবের বিবাহ ১১৮, শিবমঙ্গল কাব্যের বিষয় ১২০-২৩, শিবমঙ্গলের কবিগণ ১২৪-১৫৯ : রামকৃষ্ণ রায় ১২৪-৩৭, শঙ্কর কবিচন্দ্র ১৩৮-১৪০, রামেশ্বর ভট্টাচার্য ১৪১-৪৭, দ্বিজ কালিদাস ১৪৮, দ্বিজ মণিরাম ১৪৯-৫০ বিবিধ কবি ১৫১-৫২, 'মৃগলুব্ধ' ১৫৩-৫৯


## দ্বিতীয় অধ্যায়


**ভারতে সর্পপূজার উৎপত্তি—বাংলার মনসা পূজা—মনসামঙ্গল কাব্য—মনসামঙ্গলের কবিগণ** — ১৬০-৩২৬

শাক্তধর্মের দুইটি ধারা—আর্য ও প্রাগার্য ১৬০, বাংলায় লৌকিক শাক্ত ধর্মের পুনরুত্থান ১৬১, ভারতে সর্পপূজার উৎপত্তি ১৬৩, ভারতে সর্পপূজার উৎপত্তি সম্বন্ধে বিভিন্ন মত ১৬৩, নাগ ও সর্প ১৬৪, নাগপূজা ও সর্পপূজা ১৬৫, জীবিত

সর্পের পূজা ১৬৬, সর্পপূজা ও ভারতের আদিবাসী ১৬৮, গৃহ্যসূত্রে সর্পসংস্কার ১৬৯, মহাভারতে নাগ ১৭০, ১৭২, স্ত্রীদেবতার পরিকল্পনা ১৭২, বাংলার অনার্য সংস্কার ১৭৩, সর্পপূজা ১৭৩, প্রস্তরে খোদিত সর্পমূর্তির পূজা ১৭৫, জাঙ্গুলী তারা ১৭৬ জাঙ্গুলী তারা ও অথর্ববেদের কিরাত-কন্যা ১৭৯, জাঙ্গুলী ও মনসা ১৭৯, মনসানামের উৎপত্তি ১৮০, রাজগীরের মনিয়ার মঠ ১৮১, উত্তর ভারতের মনসা দেবী ছোটনাগপুরের আদিবাসী ও মনসা ১৮৩, দক্ষিণ ভারতের সর্পের দেবী,—মুদামা, মনে মঞ্চাম্মা ১৮৪, মুদামা ও মনসা ১৮৬, বাংলার ভাস্কর্যে মনসা ১৮৮, পুরাণে মনসা ১৯২, মনসা-মঙ্গলের কাহিনী ১৯ গারড়ী—নেতার কাহিনী ১৯৯, কাহিনীর উদ্ভব-ক্ষেত্র ২০০, বিহারে কাহিনী ২০৪, দাক্ষিণাত্যের অশ্ববক্তর কাহিনী ২০৯, রাঢ়ে মনসা-ম কাহিনী ২১২, 'গাছ্ বেড়া' অনুষ্ঠান ২১৫, মনসার ব্রতকথা ২১৬, মনসা-মঙ্গল কাহিনীর উদ্ভব-কাল ২১৯, মনসা-মঙ্গলের কবিগণ ২২১-৩১৫ : হরিদত্ত ২২১-২৭, নারায়ণ দেব ২২৭-৩৮, বিজয়গুপ্ত ২৩৮-৪৯, বিপ্রদাস ২৪৯-৫২, গঙ্গাদাস সেন ২৫২-৫৩, দ্বিজ বংশীদাস ২৫৩-৬১, কালিদাস ২৬১-৬২, কেতকাদাস ক্ষেমানন্দ ২৬২-৬৮, জগজ্জীবন ঘোষাল ২৬৮-৮৬, ষষ্ঠীবর দত্ত ২৮৬-৩০৩, রামজী ৩০৩-৪, জীবন মৈত্র ৩০৪-৩০৭, দ্বিজ রসিক ৩০৭-৮, বিষ্ণু পাল ৩০৮ বাণেশ্বর রায় ৩১১-১৩, বিবিধ কবি ৩১৩-১৫, মনসা-মঙ্গলের পদ-, ৩১৫-১৬, চরিত্র-বিচার ৩১৬-২৬

## তৃতীয় অধ্যায়

**লৌকিক চণ্ডীপূজার ইতিহাস—চণ্ডীমঙ্গল কাব্য—চণ্ডীমঙ্গলের কবিগণ** **৩২৭-৫০০**

চণ্ডীর প্রকৃতির বিভিন্নতা ৩২৭, বাংলার প্রতিবেশী আদিবাসী সমাজ ও বাংলার লৌকিক দেবদেবী ৩২৮, ওরাওঁ সমাজের চাণ্ডী ৩২৯, চাণ্ডী ও চণ্ডী ৩৩১, বজ্রতারা ও চণ্ডী ৩৩৪, বজ্রধাত্বীশ্বরী ৩৩৬, বাসুলী ৩৩৬, বিশালাক্ষী ৩৩৭, বিসলমরী ৩৪০, মঙ্গলচণ্ডী নামের উৎপত্তি ৩৪২, আদ্যা ও চণ্ডী ৩৪৪, ডাকিনী দেবতা ৩৪৫, 'যোষিতামিষ্ট দেবতা' ৩৪৭, চণ্ডীপূজার প্রবর্তন-কাল ৩ চণ্ডীমঙ্গল কাব্য—কালকেতুর উপাখ্যান ৩৫৪, ধনপতি সদাগরের উ

, ৩৬১, চণ্ডীমঙ্গলের কবিগণ ৩৬৫-৪৬৯, মাণিক দত্ত
ধেব ৩৭৩-৮৬, মুকুন্দরাম ৩৮৬-৪১৫, দ্বিজ রামদেব ৪১৫-
রাম সেন ৪২৪-২৮, হরিরাম ৪২৮-২৯, ভারতচন্দ্র রায় ৪২৯-৫৩,
জয়নারায়ণ সেন ৪৫৩-৫৬, ভবানীশঙ্কর ৪৫৬-৫৮, অকিঞ্চন চক্রবর্তী ৪৫৮-৬৭,
জনার্দন ৪৬৭-৬৯, বিবিধ কাব্য ৪৬৯-৭০, 'বাশুলী-মঙ্গল' ৪৭০, 'গোসানী-মঙ্গল' ৪৭৭, চরিত্র-বিচার ৪৮৩, চণ্ডীমঙ্গল কাব্যের পরিণতি—শাক্ত পদাবলী ১১৯৪-৫০০

ব্রতক

## চতুর্থ অধ্যায়

ও মঙ্গ

**রি ইতিহাস—ধর্মমঙ্গল কাব্য—ধর্মমঙ্গলের কবিগণ ৫০১-৬৫৪**

৪২-৫

৫৩ ঠাকুরের পূজা, হরপ্রসাদ শাস্ত্রীর মত ৫০১, ইহার ত্রুটি ৫০২, ধর্মপূজার ভৌগোলিক সীমা ৫০২, রাঢ় দেশ ও ধর্মপূজা ৫০৪, ধর্মঠাকুর কে ৫০৪, বিভিন্ন মতবাদ ৫০৫, কূর্মমূর্তি ৫০৬, ধর্মঠাকুরের মহিমা ৫০৯, বিভিন্ন নাম ৫১০, ধর্মপণ্ডিত ডোম ৫১১, পূজার বিভিন্ন প্রণালী—নিত্যপূজা ৫১২, বার্ষিক পূজার বিবরণ ৫১৪, ঘর-ভরা উৎসবের বিবরণ ৫৩৪, ব্রাহ্মণ ও ডোমের অধিকার ৫৪০, অধিমঙ্গলের কাহিনী ৫৪৬-৫২, বাংলার পশ্চিমে প্রতিবেশী অঞ্চলে ধর্মপূজা ৫৫২, ছোটনাগপুরের আদিবাসী অঞ্চলে ৫৫৬, রেবন্ত ৫৫৮, ইতু ৫৫৯, ধর্মপূজা কাহার পূজা, ৫৬০ ধর্ম ও সূর্যপূজা ৫৬১, চড়ক ৫৬৬, ধর্মপূজায় মাটির ঘোড়া ৫৭০, সর্বশুক্ল ধর্মঠাকুর ৫৭১, আদিম সূর্যপূজা ৫৭৫, ধর্মঠাকুর ও ডোম জাতি ৫৭৬, ধর্মপূজায় সূর্যোপাসনার তিন ধারার মিশ্রণ ৫৮১, ঐতিহাসিকতা ৫৮৫-৬০৪, ধর্মমঙ্গলের কবিগণ ৬০৫-৪৩ : ময়ূরভট্ট ৬০৬-১১, আদি রূপরাম ৬১১, খেলারাম ৬১১-১২, মাণিকরাম ৬১২-১৯, রূপরাম ৬১৯-২২, শ্যাম পণ্ডিত ৬২২-২৩, সীতারাম ৬২৩-২৫, রামদাস ৬২৬-২৭, প্রভুরাম ৬২৭, ঘনরাম ৬২৮-৩৫, রামচন্দ্র ৬৩৬, সহদেব ৬৩৭, নরসিংহ ৬৩৯, হৃদয়রাম ৬৪০, গোবিন্দরাম ৬৪১, রামনারায়ণ ৬৪২, রামকান্ত ৬৪২, বিবিধ কবি ৬৪৩, কাব্যবিচার ৬৪৩

## পঞ্চম অধ্যায়

**বিধ মঙ্গলকাব্য ৬৫৫-৭৪৭**

প্রধান মঙ্গলকাব্যগুলির বৈশিষ্ট্য ৬৫৫, কালিকা-মঙ্গল ৬৫৬-৬৯১,

কালিকাদেবীর উদ্ভব ৬৫৬, তাঁহার চরিত্র ৬৫৭, কাহিনী ৬৫৮-৫৯ : লোক-সাহিত্যে চোরের কাহিনী ৬৫৯, কালিকা-মঙ্গলের কবিগণ ৬৬৩-৬৯১ : কঙ্ক ৬৬৩, শ্রীধর ৬৬৫-৬৮, সাবিরিদ খাঁ ৬৬৯-৭২, গোবিন্দ দাস ৬৭২-৩, কৃষ্ণরাম ৬৭৪-৫, প্রাণরাম ৬৭৬, বলরাম ৬৭৬-৮, রামপ্রসাদ ৬৭৯-৮৩, ভারতচন্দ্র ৬৮৩-৮, নিধিরাম ৬৮৮-৯, দ্বিজ রাধাকান্ত ৬৮৯, কবীন্দ্র ৬৯০, শীতলা-মঙ্গল ৬৯২-৭১৭, শীতলা-মঙ্গলের কাহিনী ৬৯৮, শীতলা-মঙ্গলের কবিগণ : নিত্যানন্দ ৭০২, বল্লভ ৭০৫; ষষ্ঠীমঙ্গল ৭০৭-১৭, ষষ্ঠীর পরিচয় ৭০৭, হারীতী ও ষষ্ঠী ৭০৮, বার মাসের বার ষষ্ঠী ৭০৯, ষষ্ঠী-মঙ্গলের কাহিনী ৭১১, ষষ্ঠীমঙ্গলের কবিগণ : কৃষ্ণরাম ও রুদ্ররাম ৭১৩, শঙ্কর ৭১৪; সারদা-মঙ্গল ৭১৮-২৩, সারদা-মঙ্গলের কাহিনী ৭১৮, কাহিনীর উৎপত্তি ৭২২; রায়-মঙ্গল ৭২৪-৩৬, ব্যাঘ্রপূজার উদ্ভব ৭২৪, দক্ষিণ রায় ৭২৬, রায়মঙ্গলের কাহিনী ৭২৭, বনবিবির কাহিনী ৭৩১, রায়মঙ্গলের কবিগণ : মাধব আচার্য ৭৩২, কৃষ্ণরাম ৭৩২, অন্যান্য ব্যাঘ্রসম্পর্কিত রচনা ৭৩৫; সূর্য-মঙ্গল ৭৩৭-৭৪৬, সূর্যপূজার তিনটি ধারা ৭৩৭, মাঘমণ্ডল ৭৩৭, সূর্যের পাঁচালী ৭৩৯, বাংলার লৌকিক সূর্য-কাহিনী ৭৪৩, রামজীবনের 'আদিত্য চরিত' ৭৪৬, সূর্য-সম্পর্কিত অন্যান্য রচনা ৭৪৬, অন্যান্য মঙ্গলকাব্য ৭৪৭।

## ষষ্ঠ অধ্যায়

ঐতিহাসিক কাব্য ৭৪৮-৭৬৭

বাংলার ঐতিহাসিক কাব্যের বিকাশ ৭৪৮, গঙ্গারাম দত্তের 'মহারাষ্ট্র-পুরাণ' ৭৪৯, ইহার কাহিনী ৭৪৯, ইহার ঐতিহাসিকত্ব ৭৫৩, কবির পরিচয় ৭৫৫, ভারতচন্দ্র রায়ের 'মানসিংহ কাব্য' ৭৫৬, ইহার কাহিনী ৭৫৮, কাব্যের ভিত্তি ৭৫৯, প্রতাপাদিত্য সম্পর্কে প্রকৃত ঐতিহাসিক তথ্য ৭৬০, ভবানন্দ সম্পর্কিত প্রকৃত ঐতিহাসিক তথ্য ৭৬১, কাব্যমূল্য ৭৬৫, বিজয়রামের 'তীর্থ মঙ্গল' ৭৬৬-৭৬৮, কবি ও কাব্যপরিচয় ৭৬৭।

## পরিশিষ্ট

শব্দসূচী ৭৭১

তাকর তুভিতে চাই দুগাছি সলি দড়ি।
চায চসিতে চাই স্থনার পাচন বাড়ি॥
মাঘ মাসে গোঁসাই পিথিবি মঙ্গলিল।
যতগুলি ভূম পরভু সকলি চষিল॥[১]

ইহার সহিত মৈথিল কবি বিদ্যাপতি রচিত এই পদটির তুলনা করা যাইতে পারে—ইহা হইতে বুঝিতে পারা যাইবে শিব সম্পর্কিত এই বিশ্বাস মিথিলা হইতে উত্তর বঙ্গ পথে বাংলা দেশের অন্যত্র প্রচার লাভ করিয়াছিল, কিংবা প্রাচীন বাংলাদেশ হইতেও তাহা মিথিলায় যাওয়া অসম্ভব নহে—

বেরি বেরি অরে শিব মোঞে তোকেঁ বোলঞে
কিরিষি করিয় মন লাই।
বিনু সমরে হর ভিখিএ পত্র মাগিয়
গুন গৌরব দূর জাই॥
নিরধন জন বোলি সবে উপহাসএ
নহি আদর অনুকম্পা।
তোহেঁ শিব পাওল আক ধুথুর ফুল
হরি পাওল ফুল চাম্পা॥
খটগ কাটি হরে হর যে বঁধাওল
ত্রিশুল ভাগয় করু ফারে।
বসহা ধুরন্ধর হর লএ জোতিঅ
পাএট স্থর সরিধারে॥
ভণই বিদ্যাপতি স্থনহ মহেশর
ই জানি কইলি তুঅ সেবা।
এতএ জে বরু সে বরু হোঅও
ওতএ সরন দেবা॥[২]

অর্থাৎ—হে শিব, বার বার তোমাকে আমি বলি, কৃষিকার্য কর; হে হর, তুমি নির্লজ্জ হইয়া ভিক্ষা মাগ, তাহাতে তোমার গুণ-গৌরব দূর হয়। নির্ধন বলিয়া সকলে উপহাস করে, সমাদর কিংবা অনুকম্পা প্রকাশ করে না; হে শিব, তুমি

[১] রামাই পণ্ডিত, শূন্য পুরাণ, চারু বন্দ্যোপাধ্যায় সম্পাদিত (১৩৩৬), ১৮২-৮৫

[২] বিদ্যাপতি ঠাকুরের পদাবলী, নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত (কলিকাতা, ১৩১৬), ৫১৪-১৫

শ্রীহট্ট জিলা অঞ্চল পর্যন্ত বিস্তৃতি লাভ করিয়াছিল।[১] রতিদেব তাঁহার পুঁথিতে এইরূপ আত্ম-পরিচয় দিয়াছেন,

পিতা গোপীনাথ বন্দম মাতা বসুমতী।[২]
জন্মস্থল সুচক্রদণ্ডী চক্রশালা খ্যাতি॥
জ্যেষ্ঠ দুই ভাই বন্দম রাম-নারায়ণ।
ধরণী লোটাইআ বন্দম যত গুরুজন॥
অন্নপূর্ণা শাশুড়ী বন্দম মহেশ শ্বশুর।
মন্ত্রগুরু দয়াশীল মোক্ষদা ঠাকুর॥

চট্টগ্রাম জিলার অন্তর্গত পটিয়া থানার অনতিদূরবর্তী কয়েকটি গ্রাম চক্রশালা নামে এখনও পরিচিত, পটিয়া মহকুমা সহরের উপকণ্ঠে সুচক্রদণ্ডী গ্রামও বর্তমান রহিয়াছে। রতিদেব তাঁহার কাব্য-রচনার কাল সম্বন্ধে উল্লেখ করিয়াছেন—

রস অঙ্ক বাউ[৩] ( বায়ু ) শশী শাকের সময়।
তুলা মাসে সপ্তবিংশতি শুক্রবার হএ॥
মৃগলুব্ধ পোথারম্ভ মহাদেবের পাএ।
ভব তরিবার হেতু রতিদেব গাএ॥

অতএব দেখা হইতেছে যে, ১৫৯৬ শকাব্দ বা ১৬৭৪ খৃস্টাব্দে এই কাব্য রচিত হয়।

রতিদেব সংস্কৃতে সুপণ্ডিত ছিলেন। তাঁহার রচনার অনেক স্থলে সংস্কৃত পুরাণগুলির একেবারে ভাষানুবাদ লক্ষ্য করা যায়। এই উপলক্ষে স্কন্দপুরাণোক্ত শিবলিঙ্গের উৎপত্তি কাহিনীর সহিত তাঁহার রচনার অনুরূপ বিষয়টি তুলনা করিয়া দেখিলেই বুঝিতে পারা যাইবে।

রতিদেবের রচনা পূর্বোল্লিখিত রামরাজের রচনা হইতে সরল এবং কবিত্বপূর্ণ। ব্যাধের জালে আবদ্ধ মৃগের সম্মুখে মৃগীর কাতরোক্তির বর্ণনাটি অত্যন্ত হৃদয়গ্রাহী,—

[১] ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাচীন পুঁথিশালায় সংগৃহীত রতিদেব রচিত মৃগলুব্ধের ৮৯১ সংখ্যক পুঁথি শ্রীহট্ট জিলা হইতে সংগৃহীত।

[২] পাঠান্তর 'মধুমতী'।

[৩] পাঠান্তর 'শর', ঢা-পত্র ২ (ক), ইহাতে সময়ের কোন ব্যতিক্রম হয় না।

ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ভিন্ন ভিন্ন স্থানে বসিয়া তপস্যা করিতে লা... বহু বৎসর অতীত হইল, ধর্ম দীর্ঘকাল পুত্রমুখ দেখিতে না পাইয়া দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করিলেন—

নিশ্বাস ত নিঃস্বরিল মনসার জন্ম হইল
বসিলা উঠিয়া বাম পাশে।
মনসা সে সুন্দরি রূপে গুণে বিদ্যাধরী
চাঁচর মস্তকের কেশ।

মনসা নারীও নয়, পুরুষও নয়—'নপুংসক হইঞা হইল সৃষ্টি'।

ধর্ম তখন মনসাকে নারীরূপে সৃষ্টি করিলেন। মনসার রূপে মুগ্ধ হইয়া ধ... তাঁহাকে বিবাহ করিতে ইচ্ছা প্রকাশ করিলে মনসা বাধা দিলেন। তখন—

গোসাঞি বোলে মনসা থাকহ এই ঠাঁই।
যাবত ডাকিয়া আনি পুত্র তিন ভাই।

ধর্ম তিন পুত্রের নিকট উপস্থিত হইয়া বলিলেন—

কহ এক কথা তিন পুত্র মোর কাছে।
উপার্জিয়া খাইলে ফল দোষ নাহি আছে।
বাপের চরণে কথা কহে তিন ভাই।
উপার্জিয়া খাইলে ফল দোষ কিছু নাই।

...া শুনিয়া ধর্ম বলিলেন—

...ভগ্নি এক সৃজিলাম মনসা কুমারী।

সৃষ্টির অ...র বিবাহের ব্যবস্থা কর। তখন তিন ভাই মনসার সহিত ... বিবাহ দিয়া তিন ভাই পুনরায় তপস্যায় গমন করিলেন।

ধর্মের এই গর্বিত... র্ম— ... করিয়াছ, তোমাকে অ...বার

মনসা সতী সৃষ্টির অধিপতি
মড়... করে প্রভু মরণ উদ্দেশ্য।
লাগি...ব অভিশাপ গুরু নিন্দা মহাপাপ

এই অভিশাপ দিয়া ধর্মকে ...জগ ধর্মকে ফলিল সেই ক্ষণে।

প্রথমে ...তনু ধরি ভাসে দেব মায়া করি
সর্গ ম... পাকায় বেষ্টিত সর্ব গায়

বাণেশ্বরের ভাষা সুপরিচ্ছন্ন ও রচনা সুসংবদ্ধ; বেহুলার চরিত্র পরিকল্পনায় তাঁহার অভিনবত্ব আছে। সম্পূর্ণ বাস্তব দৃষ্টিকোণ হইতে তিনি বেহুলার চরিত্র প্রত্যক্ষ করিয়াছেন, ইহার মধ্যে আদর্শবাদকে তিনি কোন স্থান দেন নাই। এই হিসাবে প্রাচীন বাংলা সাহিত্যে ইহা একটি বিশেষ মূল্য দাবী করিতে পারে।

লখিন্দরের মৃত্যুর পর বেহুলার দুঃসাধ্য সংকল্প হইতে প্রতিনিবৃত্ত করিবার জন্য ভ্রাতা সুমতি তাহাকে অনুরোধ করিয়া বলিতেছে,—

সুমতি কহেন শোকে শোন গো রোহিণী।
সলিলে ভাসিয়া কেনে যাও একাকিনী॥
পাইয়া তোমার বার্ত্তা কি করে জননী।
বাঁচিব ভবনে পুন বল বুঝি বাণী॥
বাপের জীবন তুমি মায়ের পরাণ।
ছয় ভায়ের বোন তাহে ঘরের প্রধান॥
চাপিয়া মঞ্জুষে যায় মৃত পতি কোলে।
সলিলে ভাসিয়া তুমি যাহ কার বোলে॥
বিধির লিখন এই মনুষ্যের নহে।
মরিলে বাঁচএ পুন কেবা কোথা কহে॥[১]

ইহার উত্তরে বেহুলা বলিল,—

যে কিছু বলিলে ভাই মোরে নাহি সাজে।
ভবনে বিধবা হইয়া যাব কোন লাজে॥
যদি যাই ওরে ভাই তব সঙ্গে বাড়ী।
ধাইব বনিতা সব দেখিবারে রাঁড়ি॥
ভবনের বার্ত্তা মোর কিছু নয় হারা।
বিষম বনিতা বড় তোমাদের দারা॥
বাজিলে কোন্দল বড় সভে দিবে গালি।
বাসরে ভাতার খালি কেন হেথা আলি॥
নারিব সহিতে ভাই সে সব বচন।
অতেব বলিএ অরে কররে গমন॥[২]

[১] ঐ ১২ (ক), [২] ঐ ১২ (খ)

সংস্কৃত শব্দের প্রয়োগ-বাহুল্য তাঁহার কাব্য-কাহিনীর স্বচ্ছন্দ গতি পদে পদে প্রতিহত করিয়াছে, নতুবা তাঁহার মধ্যে সত্যকার কবি-দৃষ্টি ছিল বলিয়া অনুভব করা যায়। কবি এইভাবে ফুল্লরার বারমাসী বর্ণনা করিয়াছেন,

ফুল্লরায়ে বলে বাক্য শুন রূপবতী।
যত ক্লেশে প্রভু সঙ্গে করিয়ে বসতি॥
মেষ রাশি মধ্যে ভাস্করোদয় হয়ে যবে।
যত ক্লেশ ক্রমে আহ্মি বঞ্চি এই ভবে॥
আতপ প্রতাপ হয়ে ধনঞ্জয় সমা।
হেন সমে মাংস লৈয়া ভ্রমি আহ্মি বামা॥
দিবাকর বৃষস্থ হয়েন যেই মাসে।
আহ্মার বিপত্তি দেখি শত্রু সর্ব হাসে॥ ইত্যাদি

এই সকল রচনায় কবিত্ব অপেক্ষা লেখকের পাণ্ডিত্যই অধিক প্রকাশ পাইয়াছে।

## অকিঞ্চন চক্রবর্তী

ভারতচন্দ্রের 'অন্নদা-মঙ্গল' রচনার পরও মুকুন্দরামের চণ্ডীমঙ্গল রচনার ধারাটি যে একেবারে লুপ্ত হইয়া যায় নাই, তাহার প্রকৃষ্ট প্রমাণ কবি অকিঞ্চনের চণ্ডীমঙ্গল। ইহার পুঁথিখানি আজিও প্রকাশিত হইবার সৌভাগ্য লাভ করে নাই, কিংবা বাংলা সাহিত্যের কোন ইতিহাসলেখক এই পর্যন্ত এই পুঁথিখানির বিষয় কোন উল্লেখ পর্যন্ত করেন নাই। সম্প্রতি ইহার একখানি পুঁথি আমার হস্তগত হইয়াছে,[১] এখানে তাহার বিষয়ই উল্লেখ করিব।

পুঁথিখানি দুইটি খণ্ডে সম্পূর্ণ হইয়াছে—প্রথম খণ্ডে কালকেতু ব্যাধের কাহিনী ও দ্বিতীয় খণ্ডে ধনপতি সদাগরের কাহিনী বর্ণিত হইয়াছে; বর্ণনা কোথাও সংক্ষিপ্ত নহে—সর্বত্রই মুকুন্দরামের চণ্ডীমঙ্গলের ন্যায়ই দীর্ঘ। ষোলটি পালায় দুইটি কাহিনী সম্পূর্ণ হইয়াছে; প্রত্যেক পালায় নূতন করিয়া পত্রাঙ্ক দেওয়া হইয়াছে। পুঁথিখানি কোথাও একই পাতার দুই পৃষ্ঠায়, কোথাও বা দো-ভাজ করা দুই পাতার এক পৃষ্ঠায় লিখিত। পুঁথিখানির অবস্থা ভাল, লিপি সুন্দর

[১] মেদিনীপুর জেলার অন্তর্গত ঘাটাল মহকুমার বেজরাল গ্রামনিবাসী কবির বংশধর শ্রীতারাপদ চক্রবর্তী বি. এ. মহাশয়ের সৌজন্যে পুঁথিখানি আমার দেখিবার সুযোগ হইয়াছে। পুঁথিখানির বিষয়ে পূর্বে আমি নিজেও কিছু অবগত ছিলাম না।

ভণিতাযুক্ত 'কালিকা-পুরাণ'খানি[১] সপ্তদশ শতাব্দীরও পূর্ববর্তী বলিয়া মনে হয়। নারায়ণ দেবের ভণিতাযুক্ত 'কালিকা-পুরাণে'র একটি খণ্ডিত পুঁথি আবিষ্কৃত হইয়াছে।[২] ইহা যদি পদ্মাপুরাণের কবি নারায়ণ দেবের রচনা হইয়া থাকে, তবে ইহাও সপ্তদশ শতাব্দীর পূর্ববর্তী রচনা। এই দুইখানি সন্দেহজনক পুঁথি ব্যতীত আর এই শ্রেণীর যত পুঁথিই আবিষ্কৃত হইয়াছে, তাহা সমস্তই সপ্তদশ, অষ্টাদশ ও ঊনবিংশ শতাব্দীর রচনা।

এতদ্ব্যতীত বাংলা রামায়ণোক্ত শ্রীরামচন্দ্রের দুর্গোৎসবের কাহিনী লইয়াও কয়েকখানি চণ্ডীমাহাত্ম্যসূচক কাহিনী বাংলায় রচিত হয়। তাহাও মঙ্গলকাব্যের লক্ষণাক্রান্ত নহে বলিয়াই আমাদের বর্তমান আলোচনার বহির্ভূত। শিবচন্দ্র সেন প্রণীত এই শ্রেণীর একখানি পুস্তকের পরিচয় পাওয়া যায়, তাহার নাম 'সারদা-মঙ্গল'।[৩] প্রকৃতপক্ষে ইহা লৌকিক রামায়ণেরই কাহিনী, কেবলমাত্র রামচন্দ্রের চণ্ডীপূজার উল্লেখ হইতেই ইহার এই নামকরণ করা হইয়াছে।

## বাসুলী-মঙ্গল

মধ্যযুগের বাংলার মঙ্গলকাব্যের অন্তর্গত 'বাসুলী-মঙ্গল' নামক একখানি পুঁথির কেহ কেহ উল্লেখ মাত্র করিয়াছেন, কিন্তু ইহার সম্বন্ধে এই পর্যন্ত কোনও পরিচয় কোথাও প্রকাশিত হয় নাই। এই পুঁথিখানি কে কবে রচনা করিয়াছিলেন, ইহার বিষয়-বস্তুই বা কি ছিল, প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস অনুসন্ধান-কারীদিগের নিকট এই সকল বৃত্তান্ত একেবারেই অজ্ঞাত ছিল। সম্প্রতি বর্ধমান জিলার চকদীঘি গ্রামের 'রাঢ় মিউজিয়মে' ইহার একখানি পুঁথি সংগৃহীত হইয়াছে। পুঁথিখানির কোন বিবরণ আজ পর্যন্ত কোথাও প্রকাশিত হয় নাই।[৪] নানা কারণে ইহার বিষয় একটু বিস্তৃত ভাবে উল্লেখযোগ্য।

পুঁথিখানির রচয়িতার নাম মুকুন্দ; রচনার মধ্যে তিনি এই প্রকার ভণিতা ব্যবহার করিয়াছেন,—

মুকুন্দ ইতি ভারতী
পদ কমল সারথী
যাচয়তি বর পিনাকিনী।

---

১ ঢা. কে. ১০৯, স-স ৩৬০২, ২ ব ৯০৬; ৩ সা-প-প ৪, ২০৩

৪ বঙ্গীয় সাহিত্য-পরিষদের সহকারী সম্পাদক শ্রীযুক্ত সুবলচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় ইহার উপর আমার দৃষ্টি আকর্ষণ করিয়া আমার কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। শ্রীযুক্ত সুবলচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং শ্রীযুত শুভেন্দু সিংহ রায়ের সম্পাদনায় শীঘ্রই পুঁথিটি প্রকাশিত হইবার কথা শুনিতেছি।

নিত্যানন্দের ভাষার মত শ্রীবল্লভের ভাষা এত মার্জিত নহে, ইহা অনেকাংশে গ্রাম্যতা-দোষদুষ্ট। অবশ্য ইহা হইতেই শ্রীবল্লভকে প্রাচীনতর কবি বলিয়া নির্দেশ করিবার উপায় নাই। কারণ, নিত্যানন্দ উচ্চবর্ণের শিক্ষিত কবি ছিলেন, তাঁহার ভাষা সেইজন্য স্বভাবতঃই মার্জিত ছিল। কিন্তু বল্লভ তাঁহার শিক্ষা ও সংস্কার-অনুযায়ী যে ভাষায় তাঁহার কাব্য রচনা করিয়াছেন, তাহা মার্জিত ও সুপরিচ্ছন্ন হইতে পারে নাই। অবশ্য শ্রীবল্লভ নিত্যানন্দের পূর্ববর্তী কবিও হইতে পারেন, কিন্তু এই বিষয়ে সন্দেহ প্রকাশ করিবার বিশেষ কিছু অবলম্বনও নাই। তবে সাধারণের বিশ্বাস ছিল যে, নিত্যানন্দ সর্বপ্রথম ওড়িয়া ভাষায় তাঁহার শীতলা-মঙ্গল কাব্য রচনা করেন, তাহাই এই বিষয়ের আদি রচনা। সেইজন্য নিত্যানন্দকেই প্রাচীনতর কবি বলিয়া মনে হয়।

বল্লভের মধ্যে কবিত্ব ছিল। তাঁহার নিম্নলিখিত পদগুলি প্রায় প্রবচনের মত শোনায়,

সুখের হাটে দাগা বিধি দিলা এত দিনে।
কেবা কার পুত্র বধূ কেবা কার পিতা।
মরিলে সম্বন্ধ নাই শুন এই কথা॥ ইত্যাদি।

স্বর্গত ডক্টর দীনেশচন্দ্র সেন মহাশয় কৃষ্ণনাথ, রামপ্রসাদ, শঙ্করাচার্য ও রঘুনাথ দত্ত নামক আরও কয়েকজন শীতলা-মঙ্গল রচয়িতার নাম করিয়াছেন,[১] কিন্তু তাঁহাদের কোন পরিচয় পাওয়া যায় না, তিনি নিজেও তাঁহাদের কোন পরিচয় দিতে পারেন নাই। কালিকা-মঙ্গলের কবি কৃষ্ণরাম রচিত একখানি শীতলা-মঙ্গলের সন্ধান পাওয়া যায়।[২] মনে হয়, ইহা তাঁহার রায়-মঙ্গল কাব্যের (পরে দ্রষ্টব্য) পরিশিষ্ট। ইহার কাহিনী কৃষ্ণরামের অন্যতম কাব্য ষষ্ঠীমঙ্গলের (পরে দ্রষ্টব্য) প্রায় অনুরূপ। নিত্যানন্দ ও বল্লভের কাব্য ইহার পরে কিংবা পূর্বে রচিত হইয়াছে, তাহা নিশ্চিত করিয়া বলিবার উপায় নাই। ধর্মমঙ্গলের কবি মাণিকরাম গাঙ্গুলীও একখানি শীতলা-মঙ্গল রচনা করিয়াছিলেন বলিয়া জানা যায়। কিন্তু তাহার সম্পূর্ণ পুঁথি পাওয়া যায় না। এতদ্ব্যতীত দয়াল, অকিঞ্চন চক্রবর্তী, দ্বিজ গোপাল ও শঙ্কর চক্রবর্তী কবিচন্দ্র প্রণীত শীতলা-মঙ্গলেরও উল্লেখ পাওয়া যায়, তাঁহাদের সকলেরই খণ্ডিত পুঁথি দক্ষিণ রাঢ় অঞ্চল হইতে আবিষ্কৃত হইয়াছে,[৩] তাঁহাদের সম্বন্ধে আর কোন পরিচয় পাওয়া যায় না।

---

১ দীনেশচন্দ্র সেন ১৫৯ ; ২ প-স ৫৬৭৫ ; ৩ সুকুমার সেন ৮০০

# শব্দসূচী

[ পার্শ্বলিখিত সংখ্যাগুলি পৃষ্ঠাসংখ্যা-নির্দেশক ]


**অ**

অকিঞ্চন চক্রবর্তী ৪৫৮-৬৭, ৭০৬

অক্ষয়কুমার মৈত্রেয় ৫৮৮

অক্ষয়চন্দ্র সরকার ৩৯২

'অদ্বৈত-মঙ্গল' ৮০

'অথর্ব বেদ' ১৬৮-৯, ১৭৮-৯

অনন্ত ( দাস ) ৩৮৪

অনন্তরাম ৬১৫

অনন্ত বড়ু চণ্ডীদাস ৯০, ১২৬, ৩৩৬, ৩৪০, ৬৬৭

অনন্ত রায় ৩৮৪

'অর্জুন-সংবাদ' ৭৭২

'অনাদি-পুরাণ' ৬১১

'অনাদি-মঙ্গল' ৬২৬

অনুপ ভট্ট ২৩১

'অন্নদা-মঙ্গল' ১৯, ৫১, ৬০, ১২৩, ১৩৩, ১৫৯, ২৪২, ৩৬৩, ৪৩৪-৪০, ৪৪৪, ৪৫৯-৫১, ৪৫৮, ৪৮৫, ৪৯৪, ৬৮৩, ৬৯১, ৭৫৬, ৭৫৭

'অভয়া-মঙ্গল' ৪১৫, ৪৬৯, ৪৭৩, ৪৭৫

'অমর-কোষ' ৪৭৫, ৫০৪

অম্বিকাচরণ গুপ্ত ৩৯২

'অম্বিকা-মঙ্গল' ৪১৫

অযোধ্যারাম চক্রবর্তী ৬২৪

অরংসাহা ৬৭৪

অশোক ১

'অশ্বমেধ পর্ব' ২৫২-৩

অষ্টমঙ্গলা ৭৯, ৮৯, ৩০৯, ৩৯৩

'অষ্টমঙ্গলার চতুস্পহরী পাঞ্চালী' ৪২৫

'অষ্টলোকপালকথা' ৭৪৬

**আ**

'আইন-ই-আকবরী' ১৮৭, ২৫৪, ৩৭১

'আইচের ঝিরপুণী' ৪২৭

আওরঙ্গজেব ২৫৫, ৬৭৪

আকবর ( সম্রাট্‌ ) ২৫৪, ৭৫৭

'আকবর-নামা' ৭৬০

'আগমপুরাণ' ৬০৩

আগমনী গান ২৭

আগমনী বিজয়া গান ১৬

'আচারাঙ্গ সূত্ত' ৫০৩

আজু গোঁসাই ৬৮১

'আদিত্যচরিত' ৩০৩, ৭৪৬

আদি রূপরাম ৬১১

আনন্দ, বৃদ্ধশিষ্য ১৭৬

আব্দুল করিম সাহিত্যবিশারদ ৬৬৫, ৬৬৯

আব্দুল লতিফ ৭৬২

আলীবর্দী খাঁ ৭৫৪, ৭৬৪

আলীভাই ৭০৩

আলেকজাণ্ডার ১৬৬

আশুতোষ পণ্ডিত ৬০৮
'আশ্বালয়ন গৃহ্যসূত্র' ১৬৯
আসাদুল্লা খাঁ ৬৩৯
আস্কর্ণ রায় ২৬৩
আহমদ ( হাজি ) ৭৫২

ই

'ইকবালনামা-ই-জাহাঙ্গিরী' ৭৬০
ইন্দ্রনারায়ণ চৌধুরী ৪৩৪
ইস্‌লাম খাঁ ৭৬০-৬২

ঈ

ঈশা খাঁ ২৫৪, ৭৫৬
ঈশ্বর ঘোষ ৫৮৮-৯০
ঈশ্বরচন্দ্র গুপ্ত ৪২৯-৩১, ৪৪৮, ৪৫৩

উ

'উষাহরণ' ৩০৬

ঋ

ঋগ্বেদ ১৬৮-৯, ৫৬৪, ৫৭০
'ঋতু-সংহার' ৬৪

এ

একাব্বর ( আকবর ) ৩৭৩-৪
এল্‌উইন্, ভেরিয়র ৫৬৫
এলিয়েন ১৬৬
এসিয়াটিক সোসাইটি ১৫১, ২২৩, ২৯৬, ৫০১, ৫৯৯, ৬০৯, ৬৭৩

ঐ

'ঐতরেয় ব্রাহ্মণ' ১৭২

ও

ওস্‌মান ৩৯১, ৭৬০

ক

কঙ্ক ৬৬২-৫
কচু রায় ৭৫৮
কত্‌লু খাঁ ৭৬০
'কথাসরিৎসাগর' ৬৬০
'কপিলা-মঙ্গল' ৭৪৭
কবিকঙ্কণ ( শ্রী বাবলরাম ) ৩৬৫
'কবিকণ্ঠহার' ২৯২
কবিগান ৪৪৮
কবিচন্দ্র ( দ্বিজ ) ৫৯৭
কবীন্দ্র ৬৯০-১
কবীর ৩৮৪
কমলনয়ন ২৩১
কমলনয়ন ( দ্বিজ ) ২৪৮
'কমলা-মঙ্গল' ৮১
কর্ণওয়ালিস, লর্ড ২৫৬
কর্ণপূর ( কবি ) ২৪৮
কলিকাতা ( ইণ্ডিয়ান ) মিউজিয়ম ১৯০
কলিকাতা বিশ্ববিদ্যালয় ২২৯, ২৮৮, ৩৩২, ৭১৩
'কাদম্বরী' ৬৬
কামদেব ( দ্বিজ ) ৩৮৪
কার্ত্তিক ( দ্বিজ ) ২৬১
কালিদাস ( সংস্কৃত কবি ) ৬৪, ১৪৮, ২৩২, ২৩৩, ৪৫৫, ৭২৩
কালিদাস ( মনসামঙ্গলের কবি ) ২৬১-২
কালিদাস ( দ্বিজ ) ১৪৮, ৭৪৬
'কালিকা-পুরাণ' ১২৭, ২২২-৪, ৪৬৯-৭০, ৫৮৯, ৬৫৬

'কালিকা-মঙ্গল' ৮১, ৪৪৪, ৪৫০, ৪৮৩, ৬৫৬-৯১, ৬৭৩-৬, ৬৯০, ৭৩৪
'কালিকা-বিলাস' ১৪৮
'কালী-কীর্তন' ৬৮২
কালীপ্রসন্ন ৩১৪
'কাশীখণ্ড' ১২৭, ৪১৮, ৪৩৮
কাশীনাথ ৬৬১
কাশীরাম দাস ৫৯৭, ৬১৪
'কালুরায়ের গীত' ৭৩৬
'কালুরায় মঙ্গল' ৭৩৬
'কিরাতার্জুনীয়ম্' ২৭৯
কিশোর দাস মিশ্র ( মিত্র ) ৪৭২
'কিশোরীমঙ্গল' ৮১
কীর্তিচন্দ্র ৪৩১-২, ৪৬০, ৪৭২, ৬২৯-৩০, ৬৩৯
কীর্তিচাঁদ ৪৩১
কুতুব খাঁ ৩৯৩
'কুমারসম্ভবম্' ১৪৪, ১৪৮, ২৩২-৩৩, ৪৫৫
কুলপতি সেন ২৫২-৩
'কুলীন-কুল-সর্বস্ব' ৫৭৭
'কূর্মপুরাণ' ৫, ৫০৮
কৃত্তিবাস ৩২, ১১৯, ২৯১, ৪১৮, ৪৩ ৬১৪, ৬৪৪
'কৃত্যাতত্ত্বার্ণব' ৯২
'কৃষ্ণকীর্তন' ৬৮২
কৃষ্ণচন্দ্র ( মহারাজ ) ৬০, ৪৩৪, ৪৩৬, ৪৪৪, ৭৫৯, ৭৬৫
কৃষ্ণচন্দ্র ঘোষাল ৭৬৭
কৃষ্ণচন্দ্র রায় ( রাজা ) ৪৩০, ৬৮০, ৬৮২, ৭৫৮
কৃষ্ণদাস কবিরাজ ৮০
কৃষ্ণনাথ ৭০৬
'কৃষ্ণমঙ্গল' ৮০-১
কৃষ্ণরাম দাস ৬৭৪-৫, ৭১৩-৫, ৭৩২, ৭৩৪
কেদার রায ৭৬০
'কৌমুদি-মিত্রানন্দ' ১৭৮
'কৌষীকতী ব্রাহ্মণ' ৫৯৯
ক্রুক (Crooke). উইলিয়ম ৫৬৫
ক্ষিতীশপ্রসাদ চট্টোপাধ্যায় ৫০৫, ৫৬১
'ক্ষিতীশ-বংশাবলী' ৭৫৯, ৭৬০
ক্ষেত্রনাথ ৬৪৩
ক্ষেমকর্ণ ৮৩
ক্ষেমানন্দ ( কেতকাদাস ) ২৩৫, ২৬২-৯, ৩১৬
ক্ষেমানন্দ ( কালিকা-মঙ্গল রচয়িতা ) ৬৯১
ক্ষেমানন্দ ( দ্বিতীয় ) ২৬৭


**খ**


খনার বচন ১১, ৪৩৮
খেলারাম ৯৬, ৬১১, ৬১৪


**গ**


গঙ্গাদাস সেন ২৫২-৩, ২৯৬-৮
'গঙ্গামঙ্গল' ৮১, ৭৪৭
গঙ্গারাম ৭১৩
গঙ্গারাম দত্ত ৭৪৯-৫৬
গম্ভীরা ১১০

চারু বন্দ্যোপাধ্যায় ৩৯৫, ৪৮৫
চিত্রসেন ৫৯৫
চিন্তাহরণ চক্রবর্তী ৬৬০
'চূড়ামণি তন্ত্র' ৪৩৮
চৈতন্যদেব ৩২, ৪৪, ১৬১-২, ২৬৬, ৩৫০, ৩৬৬, ৩৭৫, ৭০৯, ৭৬৭
'চৈতন্যচরিতামৃত' ৫০, ৮০
'চৈতন্য-ভাগবত' ১৮, ৬৬, ৮০, ৮৪, ১১৩, ২৯০, ৩৪৯, ৩৫১, ৩৯৫, ৬৫৮, ৭০৯
'চৈতন্য-মঙ্গল' ৮০
'চোর-চক্রবর্তী ৬৬০
'চোর-চর্যা' ৬৬০
'চোরের পাঁচালী' ৬৫৮
'চৌর চক্রবর্তী কথা' ৬৬০
'চৌর-পঞ্চাশিকা' ৬৬১-২
'চৌর্য-স্বরূপ' ৬৬০

ছ

ছকুরাম ৬১৭

জ

জগজ্জীবন ঘোষাল ২৬৮-৮৬, ৩৭২
'জগৎমঙ্গল' ৮১
জগৎ রায় ৭৬৪
জগৎ শেঠ ৭৫২
জগন্নাথ দাস ২৩৭
জগন্নাথ ( দ্বিজ বা বিপ্র ) ২২৬, ২৩৭
জগন্নাথ ( বৈদ্য ) ২৩৭
'জগন্নাথ বিজয়' ৪৭২
'জগন্নাথ-মঙ্গল' ৮১, ৪৭২
জগন্নাথ মিশ্র ৩৮৯, ৩৯৫
জগমোহন মিত্র ৩১৩
জনার্দন ৪৬৭-৬৯
জয়দেব ৮৪, ৩৯৯, ৪৫২, ৫৯৪
জয়নারায়ণ সেন ৪৫৩-৬
জয়পাল ৫৮৭, ৫৯১
জয়রাম গোস্বামী ৩৭৫
জয়ানন্দ ৮০
জাগগান ৮৮
জাগরণ ৮৭-৯
জাগরণের পুঁথি ৪৭৯
জানকীনাথ ( বিপ্র ) ২৩৭-৮, ২৪৮
জানকীবান ৭৫৩
জি ঠাকুর ৬৬৯
জীবনকৃষ্ণ মৈত্র ২৩৫, ৩০৪-৬
জ্ঞানদাস ২৪৩
'জ্ঞান-সংহিতা' ১৭৯

ট

টোডর মল্ল ২৫৪

ঢ

ঢাকা গ্রন্থাগার ১৯০-১,
ঢাকা বিশ্ববিদ্যালয় ২২২, ২৫৬, ২৮৭, ২৯১, ৩৬১

ত

'তন্ত্রসার' ৬৫৭-৮
তারকচন্দ্র দাস ৫৭৩
তারানাথ ( লামা ) ৫৯১
'তিথি-তত্ত্ব' ৯২
তিলকচন্দ্র ( মহারাজ ) ৪৬০, ৪৬৭

'তীর্থমঙ্গল' ৭৬৬-৬৮
তেজশ্চন্দ্র ১৫১, ৪৬০
'তৈত্তিরীয় সংহিতা' ৫৭১

দ

দরঙ্গরাজ ২৩০
'দশকুমারচরিত' ৬৬০
দয়ারাম ৭১৮
দামোদর নন্দী ৩৮৮
দীনেশচন্দ্র সেন ১৪২, ২০০-১, ২২১, ২৪৯, ২৮৮, ২৯৬, ২৯৯, ৩০০, ৩৪০, ৩৭৫, ৩৭৭, ৩৯৪, ৪৬৮, ৪৮৪, ৬১৩, ৬২০, ৬৪১, ৭০৬
দুর্গাচন্দ্র ২৮৬
'দুর্গাভক্তি-তরঙ্গিণী' ৪৬৯
'দুর্গামঙ্গল' ৮১, ৯৭, ৩৭২, ৪৬৯, ৪৯৪
'দুর্গাপুরাণ' ৪৬৯, ৪৯৪
'দুর্গাবিজয়' ৪৬৯
'দুর্গালীলা' ৪৬৯
'দুর্গাসপ্তশতী' ৩৫
দেবপাল ৫৮৭, ৫৯০-৯৩, ৬০২, ৭৬৩
দেবীদাস ৬২৪
'দেবীপুরাণ' ৩৬১
'দেবী-ভাগবত' ১৫৫, ১৮৭, ৩২৯, ৩৩৩, ৩৪৭, ৩৫১, ৭০৭
'দেবীমঙ্গল' ৪৬৯
'দেবী-মাহাত্ম্য' ৪৬৯

ধ

ধবল ঘোষ ৫৮৮
ধরাধর দত্ত ২৯২
ধর্মদাস ৬২৩
ধর্মপাল ৫৮৭-৯, ৫৯১
'ধর্মপূজাবিধান' ৩৩৮, ৩৪০, ৫৬১, ৫৭৫, ৫৮২, ৫৯৯, ৬০৫

ন

নগেন্দ্রনাথ বসু ৫০৯, ৫৮৭, ৫৯০, ৬০৩
'নদীয়া-কাহিনী' ৭৬৩
ননীগোপাল বন্দ্যোপাধ্যায় ৫৯৯
নরসিংহ ( বসু ) ৬৩৯-৪০
নরীমঙ্গল ৮৫
নরেন্দ্র রায় ৪৩১, ৪৩২, ৪৩৩
নলিনীকান্ত ভট্টশালী ৫৯৭, ৭৬১
নসরত শাহ ৬৬৫-৬৬
'নাগাষ্টক' ৪৩১, ৪৩৪
নারায়ণ দেব ৯০, ৯৬, ২২৪, ২২৭-৩৮, ২৪৪ ৬, ২৫৪, ২৮৬-৭, ৩০০-১, ৩৫০, ৪১৮, ৪৭০
নারায়ণ পণ্ডিত ৬২৪
নিত্যানন্দ চক্রবর্তী ৬৯৬, ৬৯৯, ৭০২-৪, ৭০৬
নিধিরাম আচার্য ৬৮৮-৯
নিধিরাম গঙ্গুলী ৬৪৩
নিধিরাম রায় ৪২৭
নিরোক শর্মা ৫৮৮
নিরঞ্জন-মঙ্গল ৬২৩
নীলাম্বর ২৬৪
নোয়াজিস্ আহ্‌মদ ৭৫২

প

'পঞ্চতন্ত্র' ৭২২

পঞ্চদেবতা ৬২

পঞ্চোপাসক ৩

'পণ্ডিত গোঁসাইগ্রন্থ' ৬০৬

পদ্মনাথ বিদ্যাবিনোদ ২৩০

'পদ্মপুরাণ' ১৫৫, ১৮৭, ২৮৬-৭

পদ্মাবতী, জৈন দেবী ১৯২

'পরাগলী মহাভারত' ৬৪৫

পরাশর ৩৭৫, ৩৮৫

পাঁচালী ৩০-৪, ৮৩, ৯৭, ৪৪৮

'পাণ্ডব বিজয়' ৩৫

পার্বতী ( দ্বিজ ) ৩৮৪

'পার্বতী-পরিণয়' ৪৫৫

'পার্বতীর সংকীর্তন' ৪৬১

'পিচ্ছিলা-তন্ত্র' ৬৯৩

'পীরের পাঁচালী' ৬৬৪

পাণিনি ১৮০

পুরুষোত্তম ২২৬, ২৪৮, ২৯৪

'পোলেকণ্ড-মঙ্গল' ৮৫

প্রতাপচন্দ্র মিশ্র ৫২৪

প্রতাপ নারায়ণ ৪৩০, ৬২৬, ৭৫৭-৬২

প্রতাপ রুদ্র ৫৮০, ৫৮৫

প্রতাপ সিংহ ৫৯০

প্রভুরাম ৬২৭

প্রাণচন্দ্র ১৫১

প্রাণনাথ ২৬৮

প্রাণরাম চক্রবর্তী ৬৭৬

ফ

ফণীন্দ্রচন্দ্র দাস ২৮৭, ৩০১

ফার্গুসন, জে ১৬৩

ফা-হায়েন ৫০৩

ফিরোজ শাহ ৬৬৫-৬

ব

বংশীদাস ( দ্বিজ ) ৯৬, ২২৬, ২৩৫, ২৩৭

বংশীধর ( বংশীদাস ) ২৩১

বংশীবদন ( ঐ ) ২৩১, ২৬৮

বঙ্কিমচন্দ্র ( চট্টোপাধ্যায় ) ৪৫২-৩

বঙ্গবাসী ৩৯২

'বঙ্গভাষা ও সাহিত্য' ২৯৬, ৩৭৭

'বঙ্গসাহিত্য-পরিচয়' ২৮৮, ২৯৬, ২৯৯

বঙ্গীয় সাহিত্য পরিষৎ ৩৪৩

বচনিকা ১৩৪

'বনবিবি জহুরানামা' ৭৩১

বলভদ্র ২৬৩

বর্ধমান দাস ২৪৮

'বরদা-মঙ্গল' ৭৪৭

বররুচি ৬৬১, ৭২৩

বলরাম, কবিকঙ্কণ ৩৮৫

বলরাম চক্রবর্তী ৬৭৬-৮

বল্লভ ৭০৫-৬

বল্লভ ঘোষ ২৩০-১

বল্লাল সেন ২৯২, ৪৫৭, ৫৯৫

বসন্তকুমার চট্টোপাধ্যায় ৩৯৪, ৩৯৫, ৫৯৩, ৬০৮, ৬১৪, ৬২০, ৬৪১

বসন্তকুমার সেনগুপ্ত ২৯২

বসন্ত রায় ৭৫৮

বসুমতী ৬৬৩

'বহাপরব' ১১১

বয়নদ্দীন মূন্সী ৭৩১
'বাইশ কবি মনসা' ২৯১, ৩১৫
বাইশা ২৯০-১, ৩১৫-৬
বাঁকুড়া রায় ৩৮৮
বাক্‌পাল ৫৯১
'বাঘাইর বয়াং' ৭৩৬
বাণভট্ট ৬৬, ১৭৭-৮
বাণেশ্বর রায় ৩১১-৩
বারা খাঁ ২৬৩, ২৬৬
'বারেন্দ্র কুল-পঞ্জিকা' ৬০৯
বালাজি বাজিরাও ৭৫৪
বাল্মীকি ২৩৫, ৩৬৫
'বাসুলী-মঙ্গল' ৪৭০-৭
'বাহার-ই-স্তান' ৭৬০-১
বিক্রম খান ২৯১
বিক্রমাদিত্য ৬৬১
বিজয় গুপ্ত ৯৫-৬, ২১২-৩, ২২১-২, ২২৪, ২২৬, ২৩১, ২৩৪, ২৩৮-৪৯, ২৫০, ২৫৪, ৩০১, ৩৫০, ৬৬৫
বিজয়রাম সেন ৭৬৬-৮
বিজয় সেন ১৮৮-৯
বিদ্যাপতি ১১৭, ৩৬৫, ৪৫২, ৪৯৬
'বিদ্যাভূষণী মনসা' ৩০৪
'বিদ্যাসুন্দর' (কালিকা-মঙ্গল দ্রষ্টব্য) ৬৭, ১২৬, ৪৪৪, ৪৫০, ৪৯৭, ৬৮৩
'বিদ্যাসুন্দর উপাখ্যানম্' ৬৬১
বিপ্রদাস ১৮০, ২১৯, ২৪৯-৫২
বিরজাকান্ত ঘোষ ২৮৭
বিল্‌হণ ৬৬১-২
'বিশ্বকোষ' ৩৪৪
বিশ্বভারতী গ্রন্থাগার ৬২৩
বিশ্বেশ্বর দাস ৬৯১
বিষ্ণুদাস (রাজা) ২৬৪
বিষ্ণুপাল ৩৭, ২১৬, ৩০৮-১১
বিষ্ণুশর্মা ৭২২
বীরসিংহ (মল্লভূমির রাজা) ১৩৮
বীরেশ্বর ৭২৩
'বৃত্রসংহার' ৪৪৯
বৃন্দাবন দাস ১৮-৯, ৮০, ১১৩, ২৯০, ৩৪৯, ৩৯৫, ৪১৮, ৭০৯
'বৃহদ্ধর্মপুরাণ' ৭৭, ৯২, ৯৪, ১০৯, ৩২৯, ৩৫১, ৩৬১
'বৃহন্নারদীয় পুরাণ' ১২৭, ১৫৫, ৭০৪
বুদ্ধদেব ১, ১০৫, ১৭৬, ৫৬১, ৫৭৫, ৫৮১, ৫৮৩
বুড়ুয়া-মঙ্গল ৮৪
বেদব্যাস ৬০, ২৩৫, ৩৬৫, ৬০২
'বৈদ্যজাতির ইতিহাস' ২৯২
'বৈদ্যজাতির কুলপঞ্জী' ২৯২, ২৯৫
বৈদ্যনাথ ৩১৪
'বৈদ্যনাথ-মঙ্গল' ১৪৯
'বৈষ্ণবামৃত' ৪৭২
'বৌদ্ধ গান ও দোঁহা' ৫৭৮
ব্যোমকেশ মুস্তাফি ৬৯৮, ৭০৫, ৭৫৫
ব্রজবুলি ১৩২
ব্রজলাল ৪২৭
'ব্রজাঙ্গনা কাব্য' ৪৪৬, ৪৭৮
'ব্রহ্মপুরাণ' ১৫৫

'ব্রহ্মবৈবর্ত পুরাণ' ৯২, ১০৯, ১৮৭, ৩২৭, ৩২৯, ৩৩৩, ৩৪২, ৩৪৭, ৩৫১, ৬৫৬, ৭০৪, ৭০৭

ভ

'ভব-কলহ-ভঞ্জিকা' ৪৫৪
ভবানন্দ মজুমদার ৪৩৭, ৭৫৭-৬২
ভবানী বেণে ৪৯৮
'ভবানী-মঙ্গল' ৮১, ৩৪২-৩
ভবানী মিশ্র ৭০৩
ভবানী, রাণী ৩০৫
ভবানীশঙ্কর দাস ৩৪৩, ৪৫৬-৭
'ভাগবত পুরাণ' ২২, ৫৬৫, ৬৬২
'ভাগবতামৃত' ১৩৮-৯
ভাদুগান ৮৮
'ভাব-প্রকাশ' ১৭৪, ৬৯৩
ভারতচন্দ্র রায় ১, ১৯, ৩৩, ৪৬, ৫১-২, ৬০, ৬৭, ৯৩, ৯৬-৮, ১২৩, ১২৭, ১৩৩-৪, ১৫৯, ২০১, ২৪১-৩, ৩৬৩, ৩৮০, ৩৮২-৫, ৩৯৮, ৪১৩, ৪২৯-৫৩, ৪৫৫-৮, ৪৬৬-৭, ৪৮৫, ৪৯৪, ৬২৬, ৬২৮-৩৪, ৬৪৫, ৬৬৭-৮, ৬৭৫-৭, ৬৮৩-৯০, ৭৫৬-৭
ভারতীয় প্রত্নাগার ১৯০
'ভারতীমঙ্গল' ৭২৩
ভারবি ২৭৯
ভারামল্ল ২৬৪, ২৬৬
ভাস্কররাম কোল্‌হংকার ৭৫০-৪
ভুবনানন্দ ২৯৪
ভূপতি রায় ৪৩৩
ভূমানন্দ ২৯৪

ম

'মখজান-ই-আফগান' ৭৬০
'মঙ্গলচণ্ডীর গীত' ৩৩২, ৩৭৯
'মঙ্গলচণ্ডীর পাঞ্চালিকা' ৩৪৩
মণিরাম ( দ্বিজ ) ১৪৯
মথুরা বসু ৬৩৯
মধুরাম ৪২৭
মধুসূদন ( মাইকেল ) ৯১, ৪৪৬, ৪৪৮, ৪৫৩
মনে মঙ্গল ৮৫
মনোহর ( দ্বিজ ) ২৩৭
মরণচাঁদ চৌধুরী ৪২৬
'মহারাষ্ট্র-পুরাণ' ৭৪৯-৫৬
মহাবীর ৫০৩
মহাসিংহ ৪২৭
মহীধর ৬১০
মহেন্দ্র ৫৯৮
মহেন্দ্র রায় ৪৩০
মহেশ-মঙ্গল ১৫১
মথুরভট্ট ৯৫, ৫৬৪, ৫৯২, ৬০৩, ৬০৬-১১, ৬১৫, ৬২১, ৬২৪, ৬৪১, ৬৪৪
মাগন ঠাকুর ৬৭০
মাণিক দত্ত ৫০-১, ৯৫, ৩৪৪, ৩৫০-১, ৩৫৩, ৩৬৩, ৩৬৫, ৩৬৬-৭৩, ৩৯৫, ৪৭৩
মাণিকরাম গাঙ্গুলী ৯৬, ৫০৭, ৬০৬-২২
মাণ্ডা পরব ১১০
মাধব ৪৬৮, ৪৯২

মাধব আচার্য ৩৭৭-৮, ৭৩২
মাধব, দ্বিজ ৮২, ৯৬, ৩৩২, ৩৪৪, ৩৪৮, ৩৫৩, ৩৭৩-৮৬, ৪১৬, ৪২০, ৪২৮, ৪৫৭
মাধব রায় ৪২৬
'মাধব-বংশ-তত্ত্ব' ৩৭৫
মাধবাচার্য ৩৭৭-৮, ৩৮৫
মাধবানন্দ ৩৭৭
মাধবানন্দ ( দ্বিজ ) ৩৭৭, ৩৮৪
মানসিংহ ২৫৪, ৩৯০-১, ৩৯৩-৪, ৬৮৩, ৭৫৭-৬২
মানসিংহ কাব্য' ৭৫৬-৬৬
'মার্কণ্ডেয় চণ্ডী' ২২২, ৩৪৮, ৪৭৫
'মার্কণ্ডেয় পুরাণ' ৩৫, ৯৭, ৩২৯, ৩৩৩, ৩৬০, ৪৬৯, ৬৭৩
মারীযাত্রা ১১০
মালাধর বসু ৩৪, ৬০, ৮৭, ২৮৯, ৭৪৬
মাহ্মুদ সরীপ ৩৯৬
'মায়াতিমির চন্দ্রিকা' ৬৫৪
মির্জা নথন্ ৭৬০
মুকুট রায় ৪৩০
মুকুন্দ ( কবিচন্দ্র ) ৪৭০-১, ৪৭৫
মুকুন্দরাম চক্রবর্তী ৪৬, ৫০-১, ৫৫, ৭০-২, ৮২, ৯৫-৬, ২০১, ২৪২, ২৬৩, ২৬৬, ৩৪৪, ৩৫৩, ৩৬৫-৭, ৩৮০, ৩৮২-৫, ৩৮৬-৪১৫, ৪২০-১, ৪২৩, ৪৩৫-৭, ৪৩৯-৪২, ৪৪৪, ৪৫১-৩, ৪৫৭-৮, ৪৬১-২, ৪৬৬-৮, ৪৭১-৬, ৪৯১-২, ৫০৩, ৬১৪, ৬২০, ৬৩৩, ৬৪০, ৭১৬
মুক্তারাম সেন ৪২৪-৮
'মুন্তা-খাবুৎ-তাওয়ারিখ' ৭৬০
মুসাহাব খাঁ ৭৫১
মুস্তাফা খাঁ ৭৫০, ৭৫৩
'মৃগলুব্ধ' ৯৭, ১৫৩-৯
'মৃগলুব্ধক' ১৫৩
'মৃগলুব্ধ সংবাদ' ১৫৩
'মেঘদূতম্' ৬৪
'মেঘনাদবধ কাব্য' ৯১
মেদিনীধর দত্ত ২৯২
'মৈত্রায়ণী-সংহিতা' ৫৭১
'মৈমনসিংহ-গীতিকা' ৬৩
ম্যাক্‌ডোনেল, এ. এ. ৫৭১

**য**

যক্ষপাল ৫৯১
যজুর্বেদ ১৬৮
যদুনাথ ২৩১
যশশ্চন্দ্র ১২৫
যশোবন্ত সিংহ ১৪১-৩
যাদব রায় ৪২৬-৭
'যোগকল্প লতিকা' ৪৫৪
যোগেন্দ্রচন্দ্র বসু ৩৬২
যোগেশচন্দ্র রায় ৫৮৮, ৫৯৭, ৬০০, ৬০৮, ৬১৩, ৬২০, ৬২৮

**র**

রঘুজী ভোঁসলা ৭৫৪
রঘুনন্দন ( স্মার্ত ) ৯২, ৩৫২, ৭৪৮
রঘুনন্দন ( আদক ) ৬২৬
রঘুনন্দন ( মিত্র ) ৭৬৫

রঘুনাথ ( রাজা ) ৩৮৮-৯, ৩৯৫
রঘুনাথ ( নাপিত ) ৪৩৩
রঘুনাথ ( দত্ত ) ৭০৬
রঘুনাথ ( দেবরায় ) ৩৯৩
রঘুসুত ( কবি ) ৬৬৪
রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ৪৪৮
রজনীমোহন চক্রবর্তী ২৯০-১
রতন লাইব্রেরী ৬০৯
রন্তিদেব ৯৭, ১৫৬-৯
রত্নেশ্বর ৬২০-১
রবীন্দ্রনাথ ঠাকুর ৮, ১৩, ২০, ১০৩, ৩১৯, ৩৯৮, ৪৪৮, ৪৫২, ৪৮৬, ৪৮৮
রমেশচন্দ্র দত্ত ৯৭, ৪১৪, ৪৪০
'রসমঞ্জরী' ৪৩২
রসিক, দ্বিজ ৩০৭-৮
'রসিক-মঙ্গল' ৮১
'রসুল-বিজয়' ৩৫
রাখালদাস কাব্যতীর্থ ৬০৯
'রাগমালা' ৮৩
রাঘব সিংহ ৫৯৮
রাজনারায়ণ বসু ৩৯৪
রাজনারায়ণ ( রাজা ) ৭০৩-৪
রাজবল্লভ ৪৫৪
রাজসাহী বরেন্দ্র অনুসন্ধান সমিতি ১৯০
রাজসিংহ ( রাজা ) ৭২৩
রাধাকান্ত ( দ্বিজ ) ৬৮৯-৯০
রাধাকৃষ্ণ দাস ( বৈরাগী ) ৪৭৭
রাধানাথ রায়চৌধুরী ৩১৪
'রাধিকা-মঙ্গল' ৮১
রামকান্ত রায় ৬৪২-৩
রামকৃষ্ণ ( দ্বিজ ) ২৫৩
রামকৃষ্ণ ( চক্রবর্তী ) ৬২৯
রামকৃষ্ণ পরমহংস ৩২, ১২৭, ৫০০, ৬৮১
রামকৃষ্ণ, রাজা ৩০৫
রামকৃষ্ণ রায় ১২৪-৩৮, ৭৬৩
রামগতি ন্যায়রত্ন ১২৩, ২৬২
রামগোপাল ৬২৯
রামগোবিন্দ ৬২৯
রামচন্দ্র ( জৈন ) ১৭৮
রামচন্দ্র ( দ্বিজ ) ১৫১
রামচন্দ্র ( বন্দ্যোপাধ্যায় ) ৬৩৬
রামচন্দ্র ( মুন্সী ) ৪৩২-৩
'রামচরিত' ৫৮৬, ৫৮৮
রামজীবন বিদ্যাভূষণ ৩০৩-৪, ৭৪৬, ৭৬৩
রামদাস আদক ৫৮৬, ৬২৬-৭
রামদাস কৈবর্ত ৬৭৭
রামদেব, দ্বিজ ৩৯৪, ৪১৫-২৪
রামদেব নাগ ৪৩৪
রামনাথ ২৬৮
রামনারায়ণ ( কবি ) ৬৪২
রামনারায়ণ তর্করত্ন ৫৭৭
রামনিধি ২৩১
রামপাল ৫৯০
রামপ্রসাদ সেন ১৬, ১৪৮, ৪৯৪, ৪৯৭-৫০০, ৬৬৮, ৬৭৫-৭৭; ৬৭৯-৮৩
রামপ্রিয় ৬২৯

রাম রাজা ১৫৫
রামসিংহ ১৪১-২
রামাই পণ্ডিত ৬০১-৪, ৬০৬
রামেশ্বর ভট্টাচার্য ১২, ৩৩, ১৪১-৫২, ৪৫৯, ৪৬৬-৬৭, ৬৮৩
'রায়-মঙ্গল' ৮১, ৬৭৪-৫, ৭২৪-৩২, ৭৩৪
'রাঢ়-মিউজিয়ম্' ৪৭০
রিজ্লি (Risley, H. H.) ৫০৭, ৫০৯, ৫১৫, ৫৫৯, ৫৭৭
রুকনুদ্দীন বারবাক শাহ ২৮৯
রুদ্ররাম চক্রবর্তী ৭১৩-৯
'রূপমণ্ডম্' ৩৫১
রূপনারায়ণ ঘোষ ৯৭
রূপরাম ৫৬৩, ৫৭০, ৫৮৬, ৬০৭, ৬১১, ৬১৫, ৬১৯-২২
রূপরাম, আদি ৬১১
রেবতী ২৬৮

ল

লক্ষ্মণ সেন ৫৮৮, ৫৯৫
লক্ষ্মণ হাজরা ২৫৪
লক্ষ্মীকান্ত ন্যায়ালঙ্কার ৪২৬
লক্ষ্মীচরিত্র ২৮৯
লক্ষ্মীনাথ ( দ্বিজ ) ৩৮৪
'লক্ষ্মীমঙ্গল' ৭৪৭
লছমীনারায়ণ ৪৩১
লঙ্ ( রেভারেণ্ড্ ) ১৫১
'লিঙ্গ-পুরাণ' ৬৫৬
লোচনদাস ৯১

শ

শঙ্কর আচার্য ৭০৬
শঙ্কর চক্রবর্তী ( কবিচন্দ্র ) ১৩৮-৪০, ৬৪৩, ৭০৬, ৭১৪-১'
শতক্রতু ৫৯৮
'শনির পাঁচালী' ২৬২
শরৎচন্দ্র মিত্র ৫০৮
শরৎচন্দ্র রায় ৩৩২, ৫০৫
শহীদুল্লাহ্, মুহম্মদ ৬১০, ৬১৫
শাক্তপদাবলী ১২৬, ৪৯৪-৫০০
'শান্তি পর্ব' ১২৭
শিবচন্দ্র সেন ৪৭০
শিবচরণ দাস ৩০৪
শিবচরণ সেন ৪৬৯
'শিব-পুরাণ' ১৫৫
শিব ভট্ট ৪৩৩
শিবমঙ্গল কাব্য ১২০-৩
'শিবরামের যুদ্ধ' ১৫১
'শিব-শঙ্করীর রাস' ১৫১
শিব-সংকীর্তন ১৪১-৫২
শিবাজী ৭৫৪
শিবানন্দ ২৩৭
শিবানন্দ কর ২৮৯
শিবায়ন ( শিবমঙ্গল দ্রষ্টব্য ) ৮১, ১২৪, ৪৫৯, ৬৮৩
'শীতলা-মঙ্গল' ৮১, ৪৬৭, ৬৫৫, ৬৯২-৭০১
শুক্লাম্বর মিশ্র ২৯২

'শূন্যপুরাণ' ১১৫, ১৩০, ১৩৪, ২১২, ৫৭১, ৫৭৬, ৫৯১-২, ৫৯৯, ৬০০, ৬০৩-৫, ৬১০
শোভা সিংহ ৭৬৩-৪
শ্যাম পণ্ডিত ৬২২-৩
'শ্যামার সঙ্গীত' ৬৮৯
'শ্রীকৃষ্ণকীর্তন' ১২৬, ২৪৩, ৩৩৬, ৬০৮, ৬৬৭, ৬৮৫
শ্রীকৃষ্ণচরণ ২৩৮
'শ্রীকৃষ্ণবিজয়' ৩৫, ৮৭, ২৮৯
'শ্রীকৃষ্ণমঙ্গল' ৩৭৪-৬
শ্রীচন্দ্রদেব ২০২
শ্রীধর ( কবিরাজ ) ৩৫০, ৬৬৫-৮
'শ্রীধর্মপুরাণ' ৬০৮, ৬১১, ৬৬৪
শ্রীনাথাচার্য ৯২
শ্রীবৎস ৪৮১
'শ্রীমদ্ভাগবত' ( পুরাণ ) ৩৫, ৬০, ১৩৮-৯, ২৮৯, ৩৪৪, ৩৭৪
শ্রীমন্ত ৪২৬

## ষ

ষট্‌কবি ৩১৫
ষট্‌পদী ৩১৫
'ষণ্মুখকল্প' ৬৬০
ষষ্ঠীবর দত্ত ২৮৬-৩০৩, ৪১৮
ষষ্ঠীবর সেন ২৫২, ২৯৬-৯
ষষ্ঠীমঙ্গল ৮১, ৭০৭-১৭

## স

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় ৪০৬
সত্যপীরের কথা' ৪৩১
'সত্যপীরের পাঁচালী' ১৪২
সদাশিব রায় ৪৩১
সন্ধ্যাকর নন্দী ৫৮৬
সপ্তশতী ২২২
সভারাম ৬২৪
সর্‌ফরাজ খাঁ, নবাব ৭৫৪
সহদেব চক্রবর্তী ৬০১, ৬৩৭-৯, ৬৪৬
'সংবাদ প্রভাকর' ৪৩০
'সাধনমালা' ১৭৭, ৩৩৪-৬
সাবিরিদ খাঁ ৬৬৯-৭২
'সারদা-চরিত' ৩৭৯, ৪১৮, ৭২৩
'সারদার পাঁচালী' ৭২৩
'সারদা মঙ্গল' ৮১, ৩৫৩, ৩৭৯, ৪২৪, ৪৭০, ৭১৮-২৩
সাহিত্য পরিষৎ ( বঙ্গীয় ) ৫৮৭, ৬০৩, ৬০৭, ৬১২, ৬১৪, ৬৬০
সাহু, রাজা ৭৪৮, ৭৫৪
সায়েস্তা খাঁ ৬৭৪
সাহিত্য পরিষৎ পত্রিকা ৩৯২, ৬০৯
সাহী যাত্রা ১১০
সীতারাম দাস ৬০৭, ৬২৩-৫
সুকনান্নি ( হুকনান্নি ) ২২৯
সুদাম ৬১৫
সুনীতিকুমার চট্টোপাধ্যায় ৫০৫
সুবুদ্ধিনারায়ণ ২৯২
সুলেমান ৭৬০
'সূর্যমঙ্গল' ৮১, ৩০৩, ৭৩৭-৪৬
'সূর্যশতক' ৫৬৭
সেকেন্দর লোদী ৬৯২

